**নেত্রকোণা সদর উপজেলা পরিষদের জানুয়ারি ২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী :**

সভাপতি : মোঃ আতাউর রহমান, চেয়ারম্যান,উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার তারিখ : ২৫.০১.২০২৪
সভার সময় : সকাল ১১.৩০ ঘটিকা
সভা নং : ৫৬

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক ও খ দ্রষ্টব্য ঃ

উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আতাউর রহমান,উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব তানিয়া তাবাসসুম বীর মুক্তিযোদ্ধা জনাব আশরাফ আলী খান খসরু, মাননীয় সংসদ সদস্য মহোদয়কে পুন:রায় জাতীয় সংসদ সদস্য নির্বাচিত হওয়ায় অভিনন্দন জানান। অত:পর বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্র নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় অনুমোদিত চূড়ান্ত প্রকল্পের পিআইসির কার্যক্রম চলমান রয়েছে এবং অন-লাইনে টেন্ডার আহ্বান করা হয়েছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় অনুমোদিত প্রকল্প দ্রুত বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী, নেত্রকোণা সদর, নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ২. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। প্রতিমাসে নিয়মিত স্কুল পরিদর্শন করা হয়। বিদ্যালয়ে নিয়মিত শিক্ষকদের ও ছাত্র-ছাত্রীদের উপস্থিতি মনিটরিং করা হচ্ছে। বিদ্যালয়ের আশ-পাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ভোট কেন্দ্রের স্কুলসমূহ মেরামত করা হয়েছে। তিনি জানান আগামী ০৪ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ লক্ষীগঞ্জ, বাদেদুধকোরা ও চাপাড়কোনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ভবনের নিলাম ডাক অনুষ্ঠিত হবে। | (ক) নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>(খ) বিদ্যালয়ে যথাসময়ে শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত করত হবে।<br>(গ) শিক্ষার্থী ঝড়ে পড়া রোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) বিদ্যালয়ের আঙ্গিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঙ) যে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি নেই তা দ্রুত গঠনের পদক্ষেপ নিতে হবে।<br>(চ) যে সকল প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক অকোজো আছে তা সরেজমিন পরিদর্শন পূর্বক তালিকা প্রস্তুত করে উপ- সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী বরাবর প্রেরণ করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা সদর |
| ৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে বোরো আবাদ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় হাইব্রীড-২৪৫০ হেক্টর, উফশী-১৯৩৩০ হেক্টর, | (ক) সার ও বীজের কৃত্রিম সংকট যেন না হয় সেদিকে সর্তক | উপজেলা কৃষি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | স্থানীয়-০০ মোট ২১,৭৮০ হেক্টর। এ পর্যন্ত বোরো হাইব্রিড-৫০০০ হেক্টর, উফশী-১১,২০০ হেক্টর, স্থানীয়-০০ হেক্টর মোট ১৬২০০ হেক্টর আবাদ অর্জিত হয়েছে। বোরো আবাদ কার্যক্রম চলছে। রবি মৌসুমে বিভিন্ন ফসল আবাদে সুষম সার ব্যবহারের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তা প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন। উপজেলা কৃষি অফিসার জানান যে, বর্তমানে রাসায়নিক মজুদ ভাল। ইউরিয়া-১৪৩৩ মে.টন, টিএসপি-২০২ মে: টন, এমওপি-৪৩০ মে. টন, ডিএপি-৮৭৮ মে.টন মজুদ আছে। জানুয়ারি/২০২৪ মাসের রাসায়নিক সার উত্তোলন কার্যক্রম চলমান রয়েছে। উপসহকারী কৃষি অফিসারগণ বিসিআইসি ও খুচরা সার বিক্রেতার দোকানের সরকারের নির্ধারিত মূল্যে সার বিক্রয় মনিটরিং করছে। | দৃষ্টি রাখতে হবে।<br><br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণের পরামর্শ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) কৃষি উৎপাদন (ধান, সরিষা, শাক সবজি, ফলমূল, পাট) বাড়াতে কর্মপরিকল্পনা প্রনয়ন করতে হবে এবং আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) ইউনিয়নওয়ারী বিভিন্ন প্রকার সার কি পরিমান মজুদ আছে তা সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঙ) সারের বরাদ্দ ও বিতরণের তথ্যাদি ইউনিয়ন পরিষদের হোয়াটস্ অ্যাপস গ্রুপে প্রদান করতে হবে। | অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ৪. | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, গবাদি পশুর টিকা-১৬৪০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা-৮৮০০০ মাত্রা, গবাদি পশুর চিকিৎসা-২৪১১টি, হাস-মুরগীর চিকিৎসা ১৮২১১টি এবং কৃত্রিম প্রজনন-৯২৪ টি। নেত্রকোণা সদর উপজেলায় গবাদিপশুর খামার সংখ্যা ৭৮৮টি। | (ক) উপজেলায় কতটি গবাদি পশুর খামার আছে তার সঠিক সংখ্যা আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) গবাদি পশু মোটা তাজাকরণে রাসায়নিক দ্রব্য ব্যবহার প্রতিরোধে নিয়মিত মনিটরিং করতে হবে।<br>(গ) গবাদি পশুর রোগ ব্যাধি কমাতে ,মাঠ পর্যায়ে খামারীদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ৫. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের কাবিখা, কাবিটা ও টিআর কর্মসূচির গৃহীত প্রকল্পের কাজ চলমান রয়েছে। তাছাড়া এ উপজেলায় ৩২টি বীর নিবাসের নির্মাণ কাজ চলমান রয়েছে। তাছাড়া কাংসা আশ্রয়ন প্রকল্পে ঘর নির্মাণ কাজ চলমান রয়েছে। ইউনিয়ন পর্যায়ে অসহায় ও দুস্থদের মাঝে কম্বল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | (ক) ২০২৩-২০২৪ অর্থ বছরের কাবিখা, কাবিটা ও টিআর কর্মসূচির আওতায় দ্রুত প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) কাংসা আশ্রয়ন প্রকল্পে ঘর নির্মাণ কাজ দ্রুত শেষ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার<br><br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৬. | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান মৎস্য সুরক্ষায় মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় অত্র দপ্তরের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে কার্যক্রম চলমান রয়েছে। মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন এর আওতায় জলাশয়ে অবৈধ বাঁধ নিরসন কার্যক্রম চলমান রয়েছে। জাটকা মৌসুম চলছে। তিনি জানান জাটকা মাছ বাজারে থাকলে মোবাইল কোর্ট করা হবে। | (ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) মৎস্য চাষ বাড়াতে সরেজমিন পরিদর্শন করে খামারীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে।<br>(গ) নদী, খাল ও মুক্ত জলাশয়ে নিষিদ্ধ জাল, মাছ ধরার উপকরণ ব্যবহার রোধে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে এবং প্রয়োজনে | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নেত্রকোণা সদর নেত্রকোণা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) ইউপি চেয়ারম্যানগণকে জলাশয়ে অবৈধ বাঁধ অথবা স্থাপনা অপসারনের জন্য প্রয়োজনীয় তথ্য প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| [illegible] | পরিবার পরিকল্পনা বিভাগ | তিনি জানান তার কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান কেগাতী ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র মেরামতের জন্য ১২.০০ লক্ষ টাকা, মৌগাতী ইউনিয়নে ১৫.০০ লক্ষ টাকা এবং লক্ষীগঞ্জ ইউনিয়নে ১২.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। শীঘ্রই মেরামত কাজ শুরু করা হবে। তাছাড়া যেসকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পুরাতন গাছ রয়েছে সেগুলো নিলাম প্রক্রিয়া গ্রহণ করতে হবে। | (ক) বিভিন্ন ইউনিয়নে পরিবার পরিকল্পনা পদ্ধতির আওতায় কি কি কাজ চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) বিভিন্ন ইউনিয়নে কতটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র/ স্যাটেলাইট ক্লিনিক রয়েছে এবং প্রতিটি কেন্দ্রে ডাক্তার আছে কিনা তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) প্রতিটি স্যাটেলাইট ক্লিনিকে নরমাল ডেলিভারী তথ্য দেয়ার সিদ্ধান্ত হয়। প্রতিটি ক্লিনিকে জাতীয় পতাকা যথাযথভাবে টানানোর সিদ্ধান্ত হয়।<br>(ঘ) কেগাতী, মৌগাতী ও লক্ষীগঞ্জ ইউনিয়নের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মেরামতের কাজ দ্রুত শেষ করতে হবে এবং পুরাতন গাছগুলো নিলাম প্রক্রিয়া গ্রহণ করতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নেত্রকোণা সদর |
| ৮. | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা জানান বেদে জনগোষ্ঠীর শিক্ষা উপকরণের বরাদ্দ পাওয়া গেছে। তিনি ইউপি চেয়ারম্যানগণকে বেদে জনগোষ্ঠীর তালিকা দেয়ার জন্য অনুরোধ জানান। তাছাড়া তিনি আরো জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে ৬৫২টি প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদনের বিপরীতে অত্র উপজেলায় ৬৩৩টি বরাদ্দ এসেছে। সভায় আলোচনা হয় যে, আবেদনকারী সকলেই প্রতিবন্ধী এবং ভাতা পাওয়ার যোগ্য। ১৯ জনের বরাদ্দ যেহেতু কম এসেছে সে ব্যাপারে আলোচনা হয়। | (ক) উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যাক্তা ভাতা ও প্রতিবন্ধী ভাতার ইউনিয়ন ভিত্তিক সংখ্যা সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) আবেদনকারী ৬৩৩জনকে ভাতা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) ১৯ জন মৃত প্রতিবন্ধী ভাতাভোগীর স্থলে যোগ্য আবেদনকারী প্রতিস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদনগুলো পে-রোল রাখতে পরবর্তী কার্যক্রমের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, সদর, নেত্রকোণা<br><br>চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৯. | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান ২০২৩-২০২৪ চক্রের অক্টোবর/২০২৩ মাসের ভিডব্লিউবি নেত্রকোণা সদর উপজেলার ডিও জারী করা হয়েছে। ভিডব্লিউবি তালিকা মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েব সাইটে প্রেরণ করা হয়েছে। বরাদ্দ না থাকায় জানুয়ারী/২৪ মাসে ডিও প্রদান করা সম্ভব হয় নাই। ২০২১-২২, ২০২২-২০২৩, ২০২৩-২০২৪ অর্থ বছরের মা ও | (ক) ভিডব্লিউবি কার্যক্রমে যাতে জটিলতা সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) প্রতিমাসে প্রত্যেক ইউনিয়নে একটি বাল্য বিবাহ প্রতিরোধ সভা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নেত্রকোণা |

CS CamScanner

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>শিশু সহায়তা কর্মসূচির আওতায় সদর উপজলার ১২টি ইউনিয়ন ও নেত্রকোণা পৌরসভার ভাতাভোগীদের জিটুপি সিস্টেমে ভাতা বিতরণ অব্যাহত আছে। জুলাই/২৩- জুন/২৪ পর্যন্ত প্রতি মাসের ০১-২০ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবে নীতিমালার আলোকে। ভিডব্লিউবি ২০২৩-২০২৪ চক্রের ডিসেম্বর/২৩ মাসের ডিও জারী করা হয়েছে এবং তালিকা মহিলা বিষয় অধিদপ্তরের ওয়েব সাইডে প্রদান করা হয়েছে। বরাদ্দ না থাকায় জানুয়ারী/২৪ মাসের ডিও প্রদান করা হয় নাই। ২০২১-২২, ২০২২-২০২৩ অর্থ বছরের মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় সদর উপজেলার ১২টি ইউনিয়নের ভাতাভোগীদের জুলাই/২৩ হতে ডিসেম্বর/২৩ পর্যন্ত জিটুপি সিস্টেমে ভাতা বিতরণ অব্যাহত আছে। জুলাই/২৩-জুন/২৪ পর্যন্ত প্রতি মাসের ০১-২০ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবে নীতিমালার আলোকে।</td>
<td>করতে হবে।<br>(গ) কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম সচল রাখতে হবে এবং কতটি কিশোর কিশোরী ক্লাব আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে। যেসকল কিশোর কিশোরী ক্লাবে বিভিন্ন পদ শূন্য রয়েছে তা জরুরী ভিত্তিতে পূরণ করতে হবে।<br><br>(ঘ) মা ও শিশু সহায়তা কর্মসূচির ভাতাভোগীদের নামের তালিকা ইউনিয়ন কমিটি থেকে উপজেলা কমিটিতে দ্রুত পাঠাতে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>সদর<br><br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)</td>
</tr>
<tr>
<td>১০</td>
<td>জনস্বাস্থ্য বিভাগ</td>
<td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিষয়ক কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>নলকূপ যথাযথভাবে স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১১</td>
<td>পল্লী উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে,উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি, আবর্তক (কৃষি) ঋণ কর্মসূচি, সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী (সদাবিক), পল্লী প্রগতি কর্মসূচি, ক্ষুদ্র উদ্যোক্তা ঋন (এসএমই) কর্মসূচি, বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচির কার্যক্রম চলমান। এছাড়া সরকারের এডিপিভুক্ত দুইটি প্রকল্প-অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প (পিআরডিপি-৩) এবং দারিদ্র বিমোচনের জন্য পুষ্টিসমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি চলমান রয়েছে এবং সুষ্ঠুভাবে বাস্তবায়িত হচ্ছে। অগ্রগতি নিম্নরূপ :
<table>
<tr><th>কার্যক্রম</th><th>২০২৩-২০২৪ অর্থবছরে অগ্রগতি</th><th>ক্রমপুঞ্জিত অগ্রগতি</th></tr>
<tr><td>সমিতি/দলগঠন</td><td>-</td><td>২৮৩টি</td></tr>
<tr><td>উপকারভোগী/সদস্য ভর্তি</td><td>৫৫ জন</td><td>৬৯১৮জন</td></tr>
<tr><td>পুঁজি গঠন ( শেয়ার ও সঞ্চয় আদায়)</td><td>১.২৬ লক্ষ</td><td>৯১.৭৭ লক্ষ</td></tr>
<tr><td>প্রশিক্ষণপ্রদান</td><td>৪০ জন</td><td>৩০৭০ জন</td></tr>
<tr><td>ঋণবিতরণ</td><td>৩৩.১০ লক্ষ</td><td>১৯৮১.৫০ লক্ষ</td></tr>
<tr><td>ঋণআদায়</td><td>৩৮.৮৭ লক্ষ</td><td>১৬১৮.০৭ লক্ষ</td></tr>
<tr><td>ক্ষুদ্র স্কীম বাস্তবায়ন</td><td>-</td><td>৪৮ টি</td></tr>
</table>
</td>
<td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>পল্লী উন্নয়ন কর্মকর্তা, নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১২</td>
<td>সমবায় বিভাগ</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, ১৪০ টি সমবায় সমিতির মধ্যে ৬০ টি সমবায় সমিতির অডিট সম্পাদন হয়েছে। ২০২২-২০২৩ সনে অডিট ফি বাবদ ২৫,০৯০/- এবং ১৫% ভ্যাট বাবদ ৩৭৬৪/- আদায় করা হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে সম্পাদিত অডিটের ভিত্তিতে সমবায় উন্নয়ন তহবিলে ১১,৪৬২ টাকা আদায় করা হয়েছে।হাতকুন্ডলী আশ্রয়ণ প্রকল্পে ২১,০০,০০০/- ঘূর্ণায়মান ঋন প্রদান করা হয়েছে এবং বর্তমান মাসে আদায় ১৯০০/- টাকা।</td>
<td>মুজিববর্ষ উপলক্ষে নির্মিত আশ্রয়ন প্রকল্পসমূহে সমিতি গঠন করা হয়েছে কিনা এবং ঋণ বিতরণ করা হয়েছে কিনা তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>উপজেলা সমবায় অফিসার, নেত্রকোণা সদর</td>
</tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ধান ও চালের বাজার দর মনিটরিং করা হচ্ছে।</td>
<td>(ক) বর্তমানে কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য ও খাদ্যশস্য কি পরিমান মজুদ আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ওএমএস চাল বিতরণের সময় প্রত্যেক ডিলারের কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে।</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td></td>
<td>উপজেলা যুব উন্নয়ন</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান আগামী ০৪ নভেম্বর জাতীয় দিবস উদযাপন করা হবে। সকলকে জাতীয় যুব দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য অনুরোধ জানান। ডিসেম্বর/২৩ মাসে যুব কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিম্নরূপ ঃ
<table>
<tr><th>ক্র নং</th><th>বিবরণ</th><th>কার্যক্রম</th></tr>
<tr><td>১</td><td>বরাদ্দকৃত মূলধন</td><td>২,৩১,৮,৮০০/-</td></tr>
<tr><td>২</td><td>মোট বিতরণকৃত ঋণের পরিমাণ</td><td>৩,৪৩,৭০০০/-</td></tr>
<tr><td>৩</td><td>চলতি অর্থ বছরে বিতরণ</td><td>১৫,৪০,০০০/-</td></tr>
<tr><td>৪</td><td>বিবেচ্য মাসে বিতরণ</td><td>৭,০০,০০০/-</td></tr>
<tr><td>৫</td><td>আদায়যোগ্য ক্রমপুঞ্জিত</td><td>২,৪২,৩২,৩৭০/-</td></tr>
<tr><td>৬</td><td>আদায়কৃত ক্রমপুঞ্জিত</td><td>২,৩৫,৩৪,২১২/-</td></tr>
<tr><td>৭</td><td>আদায়ের হার</td><td>৯৭%</td></tr>
<tr><td>৮</td><td>আদায়যোগ্য চলমান</td><td>১,৯০,০০০/-</td></tr>
<tr><td>৯</td><td>আদায়কৃত চলমান</td><td>১,৯০,০০০/-</td></tr>
<tr><td>১০</td><td>আদায়ের হার</td><td>১০০%</td></tr>
<tr><td>১১</td><td>মেয়াদ উত্তীর্ন খেলাপী পরিমান</td><td>৬,৭৭,৩৪৯/-</td></tr>
<tr><td>১২</td><td>ঋন খেলাপী আদায়</td><td>৪০২৫/-</td></tr>
<tr><td>১৩</td><td>কিস্তি খেলাপীর পরিমান</td><td>১৬৮১০/-</td></tr>
<tr><td>১৪</td><td>কিস্তি খেলাপী আদায়</td><td>-</td></tr>
<tr><td>১৫</td><td>মোট উপকার ভোগীর সংখ্যা</td><td>৫৭০ জন</td></tr>
<tr><td>১৬</td><td>মোট ঋন সংখ্যা</td><td>৭৬০ জন</td></tr>
<tr><td>১৭</td><td>চলমান ঋন সংখ্যা</td><td>২৩৭ জন</td></tr>
<tr><td>১৮</td><td>চলতি বছরে প্রশিক্ষনার্থীর সংখ্যা</td><td>১৮০ জন</td></tr>
<tr><td>১৯</td><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষনার্থীর সংখ্যা</td><td>৫৯১৫ জন</td></tr>
<tr><td>২০</td><td>চলতি অর্থ বছরে আত্মকর্মীর সংখ্যা</td><td>৪৪ জন</td></tr>
<tr><td>২১</td><td>ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা</td><td>৪০৪৯ জন</td></tr>
</table>
</td>
<td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা</td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ৫২তম শীতকালীন স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া প্রতিযোগিতা উপজেলা পর্যায়ে ১৭/০১/২০২৪ ইং থেকে ২১/০১/২০২৪ ইং তারিখ পযর্যন্ত সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়েছে এবং জেলা পর্যায়ে ২৩/০১/২০২৪ ইং তারিখে ক্রীড়া প্রতিযোগিতা চলমান রয়েছে। বিনামূল্যে ছাত্র-ছাত্রীদের মাঝে পাঠ্যপুস্তক বিতরন করা হয়েছে।</td>
<td>(ক) প্রতি মাসে ০৩ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শনপূর্বক বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) নিয়মিত বিদ্যালয় /মাদ্রাসা পরিদর্শন করতে হবে।</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td>পরিসংখ্যান বিভাগ</td>
<td>উপজেলা পরিসংখ্যান অফিসার জানান যে, অর্থনৈতিক সমন্বয়কারী ২০২৩ শুরু করা হবে। তিনি সকল ইউপি চেয়ারম্যানের সহযোগিতা কামনা করেন। তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। করতে হবে।</td>
<td>উপজেলা পরিসংখ্যান অফিসার, নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১৭</td>
<td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন</td>
<td>উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন নভেম্বর ২০২৩ মাসের অগ্রগতি নিম্নলিখিতভাবে উপস্থাপন করেন।
<table>
<tr><th>কার্যক্রমের নাম</th><th>বিতরণের পরিমান</th><th>আদায়যোগ্য</th><th>আদায়</th><th>আদায়ের হার</th></tr>
<tr><td>ক্ষুদ্র ঋণ</td><td>১৩৬৯৭০০০</td><td>১৩৫৭৯৩৮৫</td><td>১৩৩৬৯৩৬৬</td><td>৯৮%</td></tr>
<tr><td>নারী উদ্যোক্তা</td><td>১০৪৪০০০</td><td>৯৯৯৮০০০</td><td>৯৮৩২১৩৩</td><td>৯৮%</td></tr>
</table>
</td>
<td>কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে।</td>
<td>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, নেত্রকোণা সদর</td>
</tr>
</table>

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| উদ্যোক্তা ঋন সেবা | ৭৪,০০০০০ | ৯০০০১০০ | ৮৭৩১৬৩৫ | ৯৭% |
| প্রণোদনা ২য় পর্যায় | ১০,০০,০০০ | ১৩৬০০০০০ | ১৩৬০০০০ | ১০০% |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | বন বিভাগ | প্রতিনিধি বন বিভাগ জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আগামী সভায় বিভাগীয় কার্যক্রমসহ উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন সংরক্ষন অফিসার, নেত্রকোণা সদর |
| ১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক, নেত্রকোণা সদর সভায় জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংক এর খেলাপী ঋন আদায়ের জন্য জজ কোর্ট এ প্যানেল আইনজীবী নিয়োগ করা হয়েছে। খেলাপী সদস্যদের আইনি প্রক্রিয়ায় খেলাপী টাকা আদায়ের ব্যবস্থা নেয়া হবে। | বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নেত্রকোণা সদর |
| ২০ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>চেয়ারম্যান, চল্লিশা ইউপি হাসপাতালের পরিবেশ সুন্দর রাখার জন্য অনুরোধ জানান। | (ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে কি কি ধরণের ঔষধ বিনামূল্যে প্রদান করা হয় এবং কি কি সরকারি সেবা প্রদান করা হয় তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) উপজেলা কতগুলো কমিউনিটি ক্লিনিক আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে এবং কমিউনিটি ক্লিনিকগুলোতে বিনামূল্য কি কি সেবা ও ঔষধ প্রদান করা হয় তার তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) কমিউনিটি ক্লিনিকগুলোতে প্রোভাইডারগণের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>(ঘ) প্রতিমাসে অন্তত ০৩টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করে বিস্তারিত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নেত্রকোণা সদর, নেত্রকোণা। |
| ২১ | উপদেষ্টা উপজেলা পরিষদ | বীর মুক্তিযোদ্ধা জনাব আশরাফ আলী খান খসরু, মাননীয় সংসদ সদস্য জানান বর্তমানে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবনসমূহ নষ্ট হয়ে যাচ্ছে। অধিকাংশ বিদ্যালয়ের পাশে গাছপালা থাকায় গাছের পাতা পড়ে ভবনের ছাদ নষ্ট গেছে। তিনি ভবনের ছাদ পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য অনুরোধ জানান। তিনি সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলকে অনুরোধ জানান। নেত্রকোণার উন্নয়নে যে সকল কাজ করা প্রয়োজন তা অবহিত করার জন্য সকলকে অনুরোধ জানান। তাছাড়া কর্মকর্তা ও জনপ্রতিনিধিগণকে সমন্বয় করে কাজ করার জন্য নির্দেশনা প্রদান করেন।<br><br>উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত থেকে প্রয়োজনীয় দিকনির্দেশনা দেওয়ার জন্য মাননীয় সংসদ,মহোদয়কে ধন্যবাদ জানান। তিনি মাননীয় সংসদ সদস্যকে উদ্দেশ্য করে আরো জানান আপনার ছায়াতলে থেকে আইন মোতাবেক সরকারের উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নসহ যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে আমরা বদ্ধপরিকর। আপনি যে নির্দেশনা দিবেন তা বাস্তবায়ন করার জন্য সর্বাত্মক চেষ্ট করব। | (ক) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবনের ছাদ পরিস্কার পরিচ্ছন্ন করতে হবে।<br><br>(খ) কর্মকর্তা ও জনপ্রতিনিধিগণকে সমন্বয় করে কাজ করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার<br><br>কর্মকর্তা (সকল)<br>জনপ্রতিনিধি (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | আইন, বিধি, সার্কুলার প্রজ্ঞাপন অবহিতকরণ | উপজেলা প্রকৌশলী জানান যে, সরকারি বিধি মোতাবেক বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণ সভায় অনুরোধ জানান। | সরকারী বিধি মোতাবেক কমিটিগুলো অনুমোদিত ও গৃহীত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | - |
| ২৩ | জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের সরকার নির্ধারিত কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। তিনি জানান জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের তথ্য সংগ্রহের জন্য গ্রাম পুলিশদের কাজে লাগাতে হবে। প্রয়োজনে জন্ম-মৃত্যু নিবন্ধনের কার্যক্রমে এডিপি বরাদ্দের ১% অর্থ ব্যয় করা যাবে। ইউনিয়ন পরিষদ থেকে প্রাপ্ত গত ডিসেম্বর ২০২৩ মাসের জন্ম মৃত্যু নিবন্ধনের কার্যক্রমের তথ্যাদি পরিশিষ্ট 'গ' সভায় উপস্থাপন করা হয়। | জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সরকার নির্ধারিত কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| [illegible] | আয় ও ব্যয়ের হিসাব বিবরণী | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ০১.০১.২০২৪ তারিখ হতে ৩১.০১.২০২৪ তারিখ পর্যন্ত ব্যাংক বিবরণী মোতাবেক আয় ৩৫,৪৭,৬২৬/৯২ টাকা এবং ব্যয় ৬,১৪,৯২৪/- টাকা। ব্যাংক স্থিতি ২,৬৭,৬৭,৫৩৩/২৯ টাকা। | চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>নেত্রকোণা সদর, নেত্রকোণা | |
| ২৫ | বিবিধ-১ | (ক) উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২৩ মাসের আপ্যায়ন, আনুষংগিক বিল, পত্রিকার বিল ও ইন্টারনেট বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) বীর মুক্তিযোদ্ধার মৃত্যুতে শ্রদ্ধাঞ্জলি বাবদ ফুলের তোড়া এবং উপজেলা পরিষদের বিভিন্ন অনুষ্ঠানের ব্যানার বাবদ বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা পরিষদের আঙিনা পরিস্কার পরিচ্ছন্নতা ও পানির পাম্প মেরামতের বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | সরকারি নির্দেশনা মোতাবেক উল্লেখিত ব্যয় সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মিটানোর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ২৬ | বিবিধ-২ | সভায় জানানো হয় যে, ২৪/০১/২০২৪ খ্রি: তারিখে অনুষ্ঠিত মহল্লদার নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটির সভায় রৌহা ইউনিয়নের নবনিয়োগকৃত মহল্লাদার জনাব অনন্ত কুমার রানা এর Dope Test Positive আসায় তার নিয়োগপত্র বাতিল এবং মেধা তালিকায় প্রথম অপেক্ষমান হিসেবে অনন্ত কুমার রানার স্থলে মহল্লাদার পদে জনাব গনি মিয়াকে নিয়োগ দেয়ার জন্য মহল্লাদার নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটির সভার সুপারিশ সভায় উপস্থাপন করা হয়।<br><br>লক্ষীগঞ্জ ইউনিয়নের ০৪ নং ওয়ার্ডে মহল্লাদার পদে জনাব সোমা আক্তার, পিতা- আফতাব উদ্দিন, মাতা-সালেহা আক্তার, গ্রাম-রামপুর, পো: লক্ষীগঞ্জ, উপজেলা+ জেলা-নেত্রকোণা স্বেচ্ছায় চাকুরি হতে অব্যাহতি প্রদান করায় তার স্থলে প্রস্তুতকৃত প্যানেল থেকে মেধাক্রমানুসারে প্রথম অপেক্ষমান হিসবে মো: রাব্বী, পিতা- সোনালী, মাতা- মোছা: বিউটি আক্তার, গ্রাম, গাদাইকান্দি, পো: লক্ষীগঞ্জ, উপজেলা+ জেলা-নেত্রকোণা-কে একই ইউনিয়নের একই ওয়ার্ডে মহল্লাদার নিয়োগ প্রদানের বিষয়টি ভূতাপেক্ষ অনুমোদনের জন্য মহল্লাদার নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটির সভার সুপারিশ সভায় উপস্থাপন করা হয়। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) রৌহা ইউনিয়নেরে জনাব অনন্ত কুমার রানা এর Dope Test Positive আসায় তার নিয়োগপত্র বাতিল এবং মেধা তালিকায় প্রথম অপেক্ষমান হিসেবে অনন্ত কুমার রানার স্থলে জনাব গনি মিয়াকে নিয়োগ দেয়ার জন্য মহল্লাদার নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটির সভার সুপারিশ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br><br>(খ) লক্ষীগঞ্জ ইউনিয়নের ০৪ নং ওয়ার্ডে মহল্লাদার পদে জনাব সোমা আক্তার স্বেচ্ছায় চাকুরি হতে অব্যাহতি প্রদান করায় তার স্থলে প্রস্তুতকৃত প্যানেল থেকে মেধাক্রমানুসারে প্রথম অপেক্ষমান হিসবে মো: রাব্বী, কে একই ইউনিয়নের একই ওয়ার্ডে মহল্লাদার নিয়োগ প্রদানের বিষয়টি ভূতাপেক্ষ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২৭ | বিবিধ-২ | উপজেলা প্রকৌশলী জানান আগামী ২৮ জানুয়ারি ২০২৪ তারিখ মাননীয় সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা জনাব আশরাফ আলী খান খসরু ও জনাব এ, কে, এম ফজলুল হক, মাননীয় সচিব, পরিকল্পনা কমিশন নির্মিতব্য উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণের আওতায় ৮ম তলা ফাউন্ডেশন বিশিষ্ট প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন করবেন। তিনি উক্ত ভবন নির্মাণের জায়গা নির্বাচন করার জন্য উপস্থিত সদস্যগণকে অনুরোধ জানান। উপস্থিত মাননীয় সংসদ সদস্য উপজেলা নির্বাচন অফিস ও উপজেলা জামে মসজিদের সামনে খালি মাঠে ভবন নির্মাণ করার জন্য প্রস্তাব জানান। এ বিষয়ে তাৎক্ষণিক সভাপতিসহ সকল সদস্য একমত পোষণ করেন। | উপজেলা নির্বাচন অফিস ও উপজেলা পরিষদ জামে মসজিদের সামনে খালি মাঠে উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণের আওতায় ৮ম তলা ফাউন্ডেশন বিশিষ্ট প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণসহ | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণের দক্ষতা ও আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/০১/২৪

(মোঃ আতাউর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা

স্মারক নম্বর-০৫.৪৫.৭২৭৪.০১৪.০০০.০০১.১৯- ৫৯১

তারিখ : ২৫ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১.মাননীয় সংসদ সদস্য, ১৫৮, নেত্রকোণা-০২।
২.সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩.বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
৬. চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৭. উপজেলা..........................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৮. চেয়ারম্যান,..............................ইউনিয়ন পরিষদ(সকল) নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৯. ....................................................................................................

২৫/০১/২০২৪
(তানিয়া তাবাসসুম)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা

CamScanner